গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
মেট্রোরেল ভবন, এমআরটি লাইন-৬ ডিপো
সোনারগাঁও জনপথ, সেক্টর: ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

স্মারক নং: ৩৫.০৫.০০০০.০০৮.১৮.০৪৯.২৪-১০২৫

তারিখ: ০৩ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ / ১৯ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**মেট্রো ট্রেনের অভ্যন্তরে নির্ধারিত আলোকিত ও অনালোকিত বিজ্ঞাপন স্পেস ভাড়া/ইজারা প্রদানের লক্ষ্যে ভাড়া/ইজারা বিজ্ঞপ্তির শর্তাবলীর ক্রমিক নম্বর-০৫ সংশোধন এবং আবেদনপত্র সংগ্রহ, দাখিল ও উন্মুক্তকরণের সময়সীমা বৃদ্ধি**

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় পরিচালনাধীন এমআরটি লাইন-৬ এর ২৪ সেট মেট্রো ট্রেনের অভ্যন্তরে নির্ধারিত স্থানে আলোকিত ও অনালোকিত বিজ্ঞাপন প্রদর্শনের জন্য "ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা ২০২৩ (১ম সংশোধনীসহ)" অনুযায়ী ভাড়া/ইজারা প্রদানের লক্ষ্যে ২৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখের স্মারক নং: ৩৫.০৫.০০০০.০০৮.১৮.০৪৯.২৪-৮৭৪ সংখ্যক স্মারকে ২৬ সেপ্টেম্বর ২০২৫ তারিখে দৈনিক প্রথম আলো ও The Business Standard পত্রিকা এবং ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর ওয়েবসাইটে ভাড়া বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। বিজ্ঞপ্তির শর্তাবলীর ক্রমিক নম্বর ০৫ সংশোধনপূর্বক চুক্তির মেয়াদ ০১ (এক) বছরের **পরিবর্তে ০২ (দুই) বছর** করাসহ আবেদনপত্র সংগ্রহের সময়সীমা ২০ অক্টোবর ২০২৫ তারিখের পরিবর্তে **২৮ অক্টোবর ২০২৫** এবং আবেদনপত্র দাখিল ও উন্মুক্তকরণের সময়সীমা ২১ অক্টোবর ২০২৫ তারিখের পরিবর্তে **২৯ অক্টোবর ২০২৫** তারিখ নির্ধারণপূর্বক সময় বর্ধিত করা হলো।

১৯/১০/২৫

**(মোঃ নাসির উদ্দিন তরফদার)**
মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ফোন: +৮৮০২-৫৫৬৬৯০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
মেট্রোরেল ভবন
এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ রোড
সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

## মেট্রো ট্রেনের অভ্যন্তরে আলোকিত ও অনালোকিত বিজ্ঞাপন স্পেস ভাড়া/ইজারা প্রদানের সংশোধিত শর্তাবলী

<table>
<tr><td>১.</td><td>বিজ্ঞপ্তি নম্বর</td><td>:</td><td colspan="3">৩৫.০৫.০০০০.০০৮.১৮.০৪৯.২৪-১০২৫</td></tr>
<tr><td>২.</td><td>ভাড়া/ইজারা প্রদানকারী সংস্থার নাম</td><td></td><td colspan="3">ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড</td></tr>
<tr><td>৩.</td><td>ভাড়া/ইজারার স্থানসমূহ</td><td>:</td><td colspan="3">ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় পরিচালনাধীন এমআরটি লাইন-৬ এর প্রতি সেট মেট্রো ট্রেনের অভ্যন্তরে আলোকিত ও আনালোকিত বিজ্ঞাপন প্রদর্শনের জন্য নির্ধারিত স্থান</td></tr>
<tr><td rowspan="2">৪.</td><td rowspan="2">প্যাকেজ নম্বর, শিরোনাম ও বিবরণ</td><td rowspan="2"></td><td>প্যাকেজ নম্বর</td><td>প্যাকেজের শিরোনাম</td><td>প্যাকেজের বিবরণ</td></tr>
<tr><td>ডিএমটিসিএল/২০২৫/বিজ্ঞাপন/০১</td><td>ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় পরিচালনাধীন এমআরটি লাইন-৬ এর প্রতি সেট মেট্রো ট্রেনের অভ্যন্তরে আলোকিত ও আনালোকিত বিজ্ঞাপন প্রদর্শনের জন্য নির্ধারিত স্থান ভাড়া</td><td>আলোকিত বিজ্ঞাপন স্পেস: এমআরটি লাইন-৬ এর প্রতি সেট মেট্রো ট্রেনের অভ্যন্তরে ৬০(ষাট)টি আলোকিত মনিটর (প্রতি সেট মেট্রো ট্রেনে এরিয়া ৩.৩১৭ বর্গমিটার) (কম/বেশি) হিসেবে ২৪ সেট মেট্রো ট্রেনে সর্বমোট এরিয়া ৭৯.৬১ বর্গমিটার<br><br>অনালোকিত বিজ্ঞাপন স্পেস: এমআরটি লাইন-৬ এর প্রতি সেট মেট্রো ট্রেনের অভ্যন্তরে প্রায় ২৮০ (দুইশত আশি)টি অনালোকিত এরিয়া (প্রতি সেট মেট্রো ট্রেনে ১০৫.৪৩ বর্গমিটার) (কম/বেশি) হিসাবে ২৪ সেট মেট্রো ট্রেনের সর্বমোট এরিয়া ২,৫২০ বর্গমিটার</td></tr>
<tr><td>৫.</td><td>ভাড়া/ইজারার মেয়াদ</td><td>:</td><td colspan="3">চুক্তির মেয়াদ হবে ০২ (দুই) বছর, তবে শর্তসাপেক্ষে বছরভিত্তিক সর্বোচ্চ ০৩(তিন) বার নবায়নযোগ্য</td></tr>
<tr><td>৬.</td><td>আবেদনপত্রের মূল্য</td><td>:</td><td colspan="3">ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর অনুকূলে ১০০০০/- (দশ হাজার) টাকা পে-অর্ডার (অফেরতযোগ্য) পরিশোধ করে আবেদনপত্র সংগ্রহ করতে হবে;</td></tr>
<tr><td>৭.</td><td>ভাড়া/ইজারা গ্রহীতা নির্বাচন পদ্ধতি</td><td>:</td><td colspan="3">উন্মুক্ত প্রতিযোগিতামূলক দরপত্র পদ্ধতিতে ভাড়া/ইজারা গ্রহীতা নির্বাচন করা হবে;</td></tr>
<tr><td>৮.</td><td>আবেদনপত্র সংগ্রহের তারিখ</td><td>:</td><td colspan="3">২৮/০৯/২০২৫ হতে ২৮/১০/২০২৫ তারিখ পর্যন্ত (অফিস চলাকালে);</td></tr>
<tr><td>৯.</td><td>আবেদনপত্র সংগ্রহের স্থান</td><td>:</td><td colspan="3">মেট্রোরেল ভবন, লেভেল-৩, কক্ষ নম্বর-৩১৯, সোনারগাঁও জনপথ সড়ক, সেক্টর- ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০;</td></tr>
<tr><td>১০.</td><td>আবেদন দাখিল পূর্ববর্তী ব্রিফিং সভার তারিখ, সময় ও স্থান</td><td>:</td><td colspan="3">১৩/১০/২০২৫ তারিখ, সকাল ১০.০০ ঘটিকা; ডিএমটিসিএল সম্মেলন কক্ষ (লেভেল-৫), মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০;</td></tr>
<tr><td>১১.</td><td>আবেদনপত্র দাখিলের তারিখ, সময় ও স্থান</td><td>:</td><td colspan="3">২৯/১০/২০২৫ তারিখ, বিকাল ০৩.০০ ঘটিকা; ফ্রন্ট ডেস্ক, মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০;</td></tr>
<tr><td>১২.</td><td>আবেদনপত্র উন্মুক্ত করার তারিখ, সময় ও স্থান</td><td>:</td><td colspan="3">২৯/১০/২০২৫ তারিখ, বিকাল ৩.৩০ ঘটিকা; ডিএমটিসিএল সম্মেলন কক্ষ (লেভেল-৫), মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০;</td></tr>
<tr><td>১৩.</td><td>আগ্রহী প্রতিষ্ঠানের ন্যূনতম যোগ্যতা</td><td>:</td><td colspan="3">আগ্রহী ভাড়া/ইজারা গ্রহীতার নিম্নলিখিত ন্যূনতম যোগ্যতাসমূহ থাকতে হবে এবং আবেদনপত্র দাখিলের সময় সংযুক্ত করতে হবে:<br>ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স; খ) TIN সার্টিফিকেট এবং আয়কর পরিশোধের হালনাগাদ প্রমাণক;<br>গ) VAT রেজিস্ট্রেশন সার্টিফিকেট; ঘ) বিজ্ঞাপন বিষয়ে ন্যূনতম ০২ (দুই) বছরের অভিজ্ঞতার প্রমাণক;<br>ঙ) ভাড়া/ইজারা গ্রহীতার বিগত ০২ (দুই) বছরের গড় বার্ষিক টার্নওভার ন্যূনতম ১ (এক) কোটি টাকা;<br>চ) ভাড়া/ইজারা গ্রহীতার সহজলভ্য সম্পদ (Liquid Asset) ন্যূনতম ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা; এবং<br>ছ) হালনাগাদ ব্যাংক স্টেটমেন্ট ও আর্থিক স্বচ্ছলতার সনদপত্র।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৪. | প্রস্তাব জামানত | : | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**-এর অনুকূলে বাংলাদেশের কোনো তফসিলি ব্যাংক হতে ১০ (দশ) লক্ষ টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে, যা ফেরতযোগ্য। |
| ১৫. | চূড়ান্তভাবে প্রতিষ্ঠান নির্বাচন ও চুক্তি সম্পাদন | | সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠানকে এই বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ সাপেক্ষে চুক্তি স্বাক্ষরের জন্য চূড়ান্তভাবে নির্বাচন করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠান আমন্ত্রণপত্রে উল্লিখিত তারিখে/তারিখের মধ্যে চুক্তি সম্পাদনে ব্যর্থ হলে উক্ত প্রতিষ্ঠানের জামানত বাজেয়াপ্তসহ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে এবং পর্যায়ক্রমে পরবর্তী সর্বোচ্চ দরদাতাকে চুক্তি সম্পাদনের জন্য আহবান করা হবে। উল্লেখ্য, প্রয়োজনে ডিএমটিসিএল-এর সর্বোচ্চ স্বার্থ রক্ষা নিশ্চিত করার জন্য দর প্রস্তাবকারী প্রতিষ্ঠানের সাথে Negotiation-পূর্বক চূড়ান্তভাবে প্রতিষ্ঠান নির্বাচন করা হবে। |
| ১৬. | নিরাপত্তা জামানত | | নির্বাচিত প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের ৭ (সাত) দিন পূর্বে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর অনুকূলে বার্ষিক চুক্তি মূল্যের ১০% এর সমপরিমান অর্থ ব্যাংক গ্যারান্টি হিসেবে Performance Security বাবদ ১ম পক্ষের নিকট জমা প্রদান করবে। ব্যাংক গ্যারান্টির মেয়াদ চুক্তির মেয়াদ সমাপ্তির ন্যূনতম ৩০(ত্রিশ) দিন পর পর্যন্ত বলবৎ থাকবে। চুক্তি মেয়াদ শেষে (প্রযোজ্য ক্ষেত্রে কোনো প্রয়োজনীয় পাওনা আদায় সাপেক্ষে) উক্ত জমাকৃত অর্থ ফেরত প্রদান করা হবে। |
| ১৭. | অগ্রিম ভাড়া | | নির্বাচিত প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের ন্যূনতম ০৭ (সাত) দিন পূর্বে এককালীন ০১ (এক) বছরের ভাড়া ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড-এর অনুকূলে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে পরিশোধ করতে হবে। একইসঙ্গে ভাড়া গ্রহীতাকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট, আয়কর বা সরকারি অন্যান্য ফি ডিএমটিসিএল-এর অনুকূলে ট্রেজারি চালানের মাধ্যমে পরিশোধ করে প্রমাণক দাখিল করতে হবে। |
| ১৮. | যোগাযোগের ঠিকানা | : | মেট্রোরেল ভবন, লেভেল-৩, কক্ষ নম্বর-৩১৯, সোনারগাঁও জনপথ সড়ক, সেক্টর- ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০; মোবাইল নম্বর: ০১৭২২৯৩৭২২২, ই-মেইলঃ **ammarketing@dmtcl.gov.bd** |
| ১৯. | অন্যান্য শর্তাবলী: | | |
| ২০. | নির্ধারিত আবেদন ফরম মোতাবেক ভাড়া গ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানকে তার নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন করতে হবে; | | |
| ২১. | আগ্রহী প্রতিষ্ঠানকে আবেদনের সাথে জমাকৃত সকল দলিলাদির প্রতি পাতায় স্বাক্ষর করতে হবে এবং সীলগালাকৃত খামে আবেদনপত্র দাখিল করতে হবে; | | |
| ২২. | প্রতিষ্ঠানের নাম, অফিসের ঠিকানা, ফোন/মোবাইল নম্বর, ইমেইল ইত্যাদি অবশ্যই সংশ্লিষ্ট খামের উপর উল্লেখ করতে হবে; | | |
| ২৩. | একাধিক প্রতিষ্ঠান সমান দরপ্রস্তাব করলে বা অন্য যে কোনো যৌক্তিক কারণে কর্তৃপক্ষ পুনঃদরপ্রস্তাব (Revised Price Quotation) আহবান করতে পারবে; | | |
| ২৪. | মূল্যায়ন প্রক্রিয়ায় সফলকাম প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের আমন্ত্রণ জানানোর পূর্বে উক্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত কাগজপত্রাদি যাচাই-বাছাই করা হবে। যাচাই-বাছাই কালে কোন জাল-জালিয়াতি পরিলক্ষিত হলে প্রস্তাব বাতিল বলে গণ্য হবে এবং প্রস্তাব জামানত বাজেয়াপ্ত করাসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে; | | |
| ২৫. | আবেদনপত্র মূল্যায়নের সময় গাণিতিক ভুল যথা একক মূল্য অংক এবং কথায় এর মধ্যে ভিন্নতা পাওয়া গেলে কথায় লেখাকে সঠিক বলে ধরে নেওয়া হবে; | | |
| ২৬. | বিজ্ঞপ্তি ও চুক্তিপত্রে উল্লিখিত শর্তাবলী ছাড়াও ডিএমটিসিএল এর ভাড়া/ইজারা নীতিমালা ২০২৩ (১ম সংশোধনীসহ) এ উল্লিখিত শর্তাবলীও সমভাবে প্রযোজ্য হবে; | | |
| ২৭. | নবায়নের ক্ষেত্রে প্রতি বছর ভাড়া পূর্ববর্তী বছরের উপর ১০% চক্রবৃদ্ধি হারে বৃদ্ধি পাবে; | | |
| ২৮. | সকল যোগাযোগ লিখিত আকারে হতে হবে এবং ইহা পত্রযোগে বা ই-মেইল এর মাধ্যমে হবে; | | |
| ২৯. | কোনো প্রতিষ্ঠান প্রয়োজনে Joint Venture-এ আবেদন করতে পারবে। সেক্ষেত্রে আবেদনপত্র ক্রয়, দাখিল, ডিএমটিসিএল এর সাথে চুক্তিপত্র স্বাক্ষরসহ সকল যোগাযোগ লিড ফার্ম করবে। উল্লেখ্য, একসাথে ০৩(তিন)টি প্রতিষ্ঠানের বেশি Joint Venture করা যাবেনা। | | |
| ৩০. | নিম্নোক্ত কারণসমূহের জন্য প্রস্তাব জামানত বাজেয়াপ্ত করা হবে;<br>ক) উন্মুক্তকরণের পরে কোনো প্রতিষ্ঠান দাখিলকৃত প্রস্তাব প্রত্যাহার করলে;<br>খ) দর প্রস্তাবের গাণিতিক ভুল সংশোধনে অস্বীকৃতি জানালে;<br>গ) চুক্তি স্বাক্ষরের আমন্ত্রণপত্র জারীর পরে নির্ধারিত সময়ে নিরাপত্তা জামানত এবং ১ বছরের ভাড়া প্রদানে ব্যর্থ হলে;<br>ঘ) চুক্তি স্বাক্ষরে ব্যর্থ হলে;<br>ঙ) কোনোরূপ জাল জালিয়াতি প্রমানিত হলে; | | |
| ৩১. | কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়াই যেকোন সময় যেকোনো ভাড়ার প্রস্তাব/বিজ্ঞপ্তি সংশোধন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। | | |

১৯/১০/২৫

**(মোঃ নাসির উদ্দিন তরফদার)**
মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ফোন: +৮৮০২-৫৫৬৬৯০১৩